রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৯ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও . নং ৩৫১-আইন/আয়কর/২০২২।—জাতীয় রাজস্ব বোর্ড, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 58 এর sub-section (2) ও (3) এবং section 75A এর sub-section (3)-তে প্রদত্ত ক্ষমতাবলে, এতদ্দ্বারা নির্ধারণ (specify) করিল, যে—

(১) উক্ত Ordinance এর Chapter VII-এ বর্ণিত ক্ষেত্রসমূহের জন্য section 58 এর sub-section (1) এর অধীন প্রদানযোগ্য Certificate of Tax Deduction or Collection এবং sub-section (3) এর অধীন প্রদানযোগ্য Statement ইলেকট্রনিক পদ্ধতিতে প্রস্তুত ও প্রদান করা যাইবে;

(২) উক্ত Ordinance এর section 75A এর sub-section (1) ও (2) এর অধীন দাখিলযোগ্য Return of withholding tax ইলেকট্রনিক পদ্ধতিতে দাখিল করা যাইবে; এবং

(৩) ইলেকট্রনিক পদ্ধতিতে উৎসে কর সংক্রান্ত Certificate of Tax Deduction or Collection, Statement এবং Return of withholding tax প্রস্তুত ও দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক www.etds.gov.bd এর মাধ্যমে কার্য সম্পাদন করিতে হইবে, যথা :—

(ক) উক্ত ওয়েব সাইটে রেজিস্ট্রেশনপূর্বক লগইন করিতে হইবে;

(খ) লগইনপূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য পূরণ করিয়া তালিকা তৈরি করিতে হইবে;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) তালিকা তৈরি করিয়া উক্ত Ordinance এর Chapter VII-এ বর্ণিত বিধান অনুসরণক্রমে অনলাইন অথবা Over The Counter (OTC) এর মাধ্যমে উৎসে আয়কর কর্তন বা সংগ্রহ করিতে হইবে;

(ঘ) উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ উৎসে আয়কর কর্তন বা সংগ্রহের বিপরীতে সরবরাহকারী ও কর্মচারীদেরকে সার্টিফিকেট প্রদান করিবে;

(ঙ) উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ কর্তৃক সিস্টেম হইতে প্রস্তুতকৃত উৎসে কর কর্তন বা সংগ্রহের মাসিক প্রতিবেদনসমূহ অনলাইনে দাখিল করিতে হইবে; এবং

(চ) উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ কর্তৃক সিস্টেম হইতে প্রস্তুতকৃত উৎসে কর কর্তন বা সংগ্রহের রিটার্ন অনলাইনে দাখিল করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com